সংবাদ

তারিখ 10 JUN 2017 পৃষ্ঠা ১৬ কলাম ২

কলেজে ভর্তি

# প্রথম মেধা তালিকায় স্থান পাওয়াদের বুকিংয়ের সময় আজ দুপুর ১২টা পর্যন্ত

নিজস্ব বার্তা পরিবেশক

কলেজ ভর্তির প্রথম মেধা তালিকায় স্থান পাওয়া ১২ লাখ ৪৯ হাজার শিক্ষার্থীর নিশ্চিত বা বুকিংয়ের সময় আজ দুপুর ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। নিশ্চিতের জন্য ৬ থেকে ৮ জুন পর্যন্ত সময় বেঁধে দেয়া হলেও অনেকেই এখনও সাড়া না দেয়ায় সময় বৃদ্ধি করেছে আন্তঃশিক্ষা সমন্বয় সাব কমিটি। গতকাল পর্যন্ত কয়েক লাখ নিশ্চিত বাইরে থাকায় উদ্বিগ্ন হয়ে পড়েছেন কর্মকর্তারা। আজ সবাই আবেদন করবেন বলে আশা করছেন শিক্ষা বোর্ড ও এ প্রক্রিয়া বাস্তবায়নকারী প্রতিষ্ঠান বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

শিক্ষা বোর্ড আগেই জানিয়েছে, প্রত্যেক শিক্ষার্থীকে তার ভর্তি নিশ্চিত করতে হলে নিশ্চিত প্রক্রিয়া সম্পন্ন করতেই হবে। এক্ষেত্রে টেলিটক, ডাচ্-বাংলা ব্যাংকের রকেট ও শিওরক্যাশের মাধ্যমে শিক্ষা বোর্ডের রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫ টাকা দিয়ে ভর্তি নিশ্চিত করতে হবে। আবেদনের সকল প্রক্রিয়া ও নির্দেশনা স্ব স্ব শিক্ষা বোর্ড ও ভর্তির ওয়েবসাইটে (www.xclassadmission.gov.bd) প্রকাশ করা হয়েছে। আশানুরূপ আবেদনকারী ভর্তি নিশ্চিত করেনি। তাই কর্তৃপক্ষ বাধ্য হয়ে সময় বৃদ্ধি করেছেন বলে জানিয়েছেন বুয়েট ও ঢাকা শিক্ষা বোর্ডের কর্মকর্তারা। আন্তঃশিক্ষা সমন্বয় সাব কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান শুক্রবার সন্ধ্যায় বলেছেন, বেশ কিছু শিক্ষার্থী এখনও নিশ্চিত করেনি। অনেকেই তো গ্রামে-গঞ্জে আছে। অনেক সীমাবদ্ধতাও থাকে। তাই হয়তো অনেকে করতে পারেনি। তাদের কথা চিন্তা করে আমরা সময় বাড়িয়েছি। ইতোমধ্যেই ভর্তির ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দিয়ে সময়

কলেজে : পৃষ্ঠা : ২ ক : ৪

## কলেজে : ভর্তি

(১৬ পৃষ্ঠার পর)

বাড়ানোর কথা জানিয়ে দেয়া হয়েছে। এর আগে গত ৬ জুন থেকে শুরু হয় কলেজ ভর্তির প্রথম মেধা তালিকায় স্থান পাওয়া ১২ লাখ ৪৯ হাজার ৮৪৮ জন শিক্ষার্থীর নিশ্চিত বা বুকিং প্রক্রিয়া। ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফকুস সালেহীন বলছিলেন, প্রথম মেধা তালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের নিশ্চিতকরণ চলছে। এ কাজ আগে কলেজ করতে পারলেও এবার শিক্ষার্থীকেই এ কাজ করতে হবে। এ ফলে আগের মতো শিক্ষার্থীকে জোর করে কেউ ভর্তি করিয়ে হয়রানি করতে পারবে না। নিশ্চিত শেষ হলে মাইগ্রেশনের জন্য আবেদন চলবে। এ সময় যারা পছন্দমতো কলেজ পাননি তারা ছাড়াও যারা কোন কলেজ পাননি তারাও আবেদন করতে পারবেন। একজন শিক্ষার্থী একটি কলেজে ভর্তির জন্য মনোনীত হওয়ার পরও নির্দিষ্ট সময়ের মধ্যে বোর্ডের ফি বাবদ ১৮৫ টাকা প্রদান করে ভর্তি নিশ্চিত করতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। পাশাপাশি তার আবেদনটিও বাতিল হয়ে যাবে। তাই মনোনীত হওয়ার পর ভর্তি নিশ্চিতের বিষয়টি গুরুত্বের সঙ্গে নিতে হবে বলে জানিয়েছে শিক্ষা বোর্ড। এটি কেবল ১ম মেধা তালিকায় স্থান পাওয়াদের ক্ষেত্রেই নয়, সকল মেধা তালিকায় স্থান পাওয়াদের এ বিষয়টি গুরুত্বের সঙ্গে নিতে হবে।

প্রথম দফায় মনোনীতদের নিশ্চিতের পর দ্বিতীয় পর্যায়ে মাইগ্রেশনের আবেদন ও নতুন আবেদন করতে পারবে শিক্ষার্থীরা। প্রথম পর্যায়ে ভর্তি নিশ্চিতকারীরাই কেবল অন্য কলেজে মাইগ্রেশনের জন্য আবেদন করতে পারবে। আসন শূন্য থাকা সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকায় কাঙ্ক্ষিত কলেজে (মাইগ্রেশনের জন্য আবেদন করা) মনোনয়ন দেয়া হবে। তবে আসন শূন্য না থাকলে মাইগ্রেশন আবেদনকারীর প্রথম মেধা তালিকায় সুযোগ পাওয়া কলেজে মনোনয়ন বহাল থাকবে।

১৩ জুন প্রকাশ করা হবে দ্বিতীয় মেধা তালিকা। ১৪ ও ১৫ জুনের মধ্যে দ্বিতীয় মেধা তালিকায় মনোনীতদের নিশ্চিত সম্পন্ন করতে হবে। দ্বিতীয় তালিকায় মনোনীতদের নিশ্চিতের পর তৃতীয় পর্যায়ে আবেদনের সুযোগ থাকছে ১৬ ও ১৭ জুন। ১৮ জুন সর্বশেষ বা তৃতীয় মেধা তালিকা প্রকাশ করা হবে। তৃতীয় তালিকায় মনোনীতদের নিশ্চিত সম্পন্ন করতে হবে ১৯ জুনের মধ্যে। আর ২০ থেকে ২২ জুন প্রথম দফায় এবং ২৮ থেকে ২৯ জুন দ্বিতীয় দফায় ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে কলেজগুলো। ক্লাস শুরু হবে ১ জুলাই। গত ৯ মে থেকে ২৬ মে পর্যন্ত চলে অনলাইন ও মোবাইলে এসএমএস পাঠিয়ে আবেদন প্রক্রিয়া। ৩০ মে পুনঃনিরীক্ষণে ফল পরিবর্তন হওয়া শিক্ষার্থীরা ৩০ ও ৩১ তারিখ ভর্তির আবেদন করার সুযোগ পান। ভর্তির জন্য আবেদন করেছেন মোট ১৩ লাখ ৯ হাজার এসএসসি ও সমমানের পরীক্ষায় পাস করা শিক্ষার্থী।